

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
শ্রীনগর, মুন্সীগঞ্জ

[www.food.sreenagar.munshiganj.gov.bd](http://www.food.sreenagar.munshiganj.gov.bd)

স্মারক নং ১৩.০০.৫৯৮৪.০০০.৩২.০৮.২০২৪/৩৬২

তারিখ : ২৬/১২/২০২৪খ্রি.

**মুন্সীগঞ্জ জেলা শ্রীনগর উপজেলার খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব নীতিমালা এর আলোকে গত ২৫/১১/২০২৪ খ্রি. তারিখে শ্রীনগর উপজেলার খাদ্যবান্ধব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনার জন্য মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার ১৪(চৌদ্দ)টি বিক্রয়কেন্দ্রে জরুরী ভিত্তিতে ১৪(চৌদ্দ)জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদনপত্র প্রাপ্তির স্থান	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ
২। আবেদনপত্র প্রাপ্তির তারিখ	০১-০১-২০২৫ খ্রি. হতে ০৯-০১-২০২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়)
৩। আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	০১-০১-২০২৫ খ্রি. হতে ০৯-০১-২০২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়)
৪। আবেদন পত্র জমাদানের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাধারণ শাখায় রক্ষিত বক্স

**খাদ্যবান্ধব বিক্রয় কেন্দ্রের তালিকা:**

১। বাউখালী ইউনিয়নের বাউখালী বাজার ২। হাসাড়া ইউনিয়নের আলমপুর বাজার ৩। বীরতারা ইউনিয়নের বীরতারা বাজার ৪। পাটাভোগ ইউনিয়নের ফেরীঘাট বাজার ৫। শ্রীনগর ইউনিয়নের শ্রীনগর উপজেলা টিএনটি সংলগ্ন ৬। কোলাপাড়া ইউনিয়নের কোলাপাড়া বাজার ৭। কুকুটিয়া ইউনিয়নের কুকুটিয়া বাজার ৮। আটপাড়া ইউনিয়নের আটপাড়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন ৯। রাঢ়ীখাল ইউনিয়নের রাঢ়ীখাল ইউনিয়ন পরিষদ সংলগ্ন ১০। শ্যামসিদ্ধি ইউনিয়নের সেলামতি বাজার ১১। তত্তর ইউনিয়নের সিংপাড়া বাজার ১২। ভাগ্যকুল ইউনিয়নের বালাশুর বাজার ১৩। ষোলঘর ইউনিয়নের ষোলঘর বাজার ১৪। বাঘড়া ইউনিয়নের বাঘড়া বাজার


**আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবে:**

(ক) পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি; (খ) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি; (গ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি; (চ) নাগরিকত্ব সনদের ফটোকপি; (ছ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি; (জ) অঙ্গীকারনামা।

**খাদ্যবান্ধব ডিলার হিসেবে আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী:**

- আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র ধারী হতে হবে এবং মূল জাতীয় পরিচয়পত্র প্রদর্শনপূর্বক আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদনকারীর হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্য/খাদ্যপণ্যের ব্যবসায়ী (খাদ্য বিভাগের)লাইসেন্সধারী হতে হবে।
- আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করবেন উহার নাম আবেদনপত্রে এবং খামের উপরে উল্লেখ করতে হবে। একজন আবেদনকারী শুধুমাত্র ১(এক) টি বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন/একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।
- আবেদনকারীর কমপক্ষে ১৫(পনের) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- আবেদনকারীর খাদ্যশস্য/মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্ৰাপ্ত হলে তিনি আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে ,ওএমএসকেউ তার উপর নির্ভরশীল/কোন ব্যক্তি খাদ্যবান্ধব কার্যক্রমের ডিলার হতে আবেদন করতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি খাদ্যবান্ধব ডিলার হতে আবেদন করতে পারবেন না।
- কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল বলে গণ্য হবে।
- খাদ্যবান্ধব ডিলারশীপ লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়। নিয়োগপ্রাপ্ত হলে ডিলারকে স্বয়ং খাদ্যশস্য উত্তোলন ও বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
- খাদ্যবান্ধব ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
- বর্তমানে নিয়োগকৃত ডিলারগণ খাদ্যবান্ধব নীতিমালা- ২০২৪ অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ লাভের পর আবেদনকারীকে ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) পে-অর্ডার জামানত (শর্তসাপেক্ষে ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে।
- খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ লাভের পর ৩০০/- (তিনশত টাকা) ননজুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ লাভের পর নির্ধারিত ফি প্রদানপূর্বক খাদ্যবান্ধব ডিলারশীপ লাইসেন্স গ্রহণ করতে হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনপত্রের সাথে দাখিলকৃত ছবিসহ সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

  
২৬/১২/২০২৪  
(মুহাম্মদ আলমগীর হোসেন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব বিক্রয় ও ডিলার নির্বাচন সংক্রান্ত কমিটি  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।